গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ ১০০

| শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি |
|---|

**মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নতুনভাবে অন্তর্ভুক্ত ১৮টি ওয়ার্ডের সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থার নির্মাণ ও উন্নয়ন (ফেজ-১)' শীর্ষক প্রকল্পের আওতায় নবগঠিত ১৮টি ওয়ার্ডের উন্নয়নমূলক কার্যক্রমের (খেলার মাঠ ও পার্কসহ) বাস্তবায়ন কাজের উদ্বোধন অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে প্রস্তুতিমূলক পর্যালোচনা সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মরণ কুমার চক্রবর্তী<br>অতিরিক্ত সচিব (সিনিয়র সচিবের রুটিন দায়িত্বে), স্থানীয় সরকার বিভাগ |
| তারিখ ও সময় | : ২২ ফেব্রুয়ারি ২০২২ তারিখ, সকাল ১১:৩০ টা |
| স্থান | : সভা কক্ষ, স্থানীয় সরকার বিভাগ |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট-**ক** |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আগামী ০৬ মার্চ ২০২২ তারিখে এ বিভাগের আওতাধীন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে নতুনভাবে অন্তর্ভুক্ত ১৮টি ওয়ার্ডের উন্নয়নমূলক কার্যক্রমের (খেলার মাঠ ও পার্কসহ) উদ্বোধন অনুষ্ঠানটি সুন্দর ও যথাযথভাবে আয়োজনের লক্ষ্যে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে মর্মে জানান। পরে তিনি অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী-কে সভার পরবর্তী কার্যক্রম পরিচালনার জন্য আহবান জানান।

২. সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী সভায় জানান, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতায় তেজগাঁও উন্নয়ন সার্কেলের ০৮(আট)টি ইউনিয়নকে অন্তর্ভুক্ত করে সরকার কর্তৃক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সীমানা সম্প্রসারণ করা হয় এবং পরবর্তীতে উক্ত ০৮(আট)টি ইউনিয়নের আওতাভুক্ত এলাকাগুলো নিয়ে নতুন ১৮টি ওয়ার্ড গঠন করা হয়। নবগঠিত ১৮টি ওয়ার্ডের উন্নয়নমূলক কার্যক্রমের (খেলার মাঠ ও পার্কসহ) বাস্তবায়ন কাজের উদ্বোধনের লক্ষ্যে তারিখ ও সময় নির্ধারণে সম্মতি জ্ঞাপনের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ০৬ মার্চ ২০২২ তারিখ রবিবার, সকাল ১১.৩০ ঘটিকায় গণভবন থেকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৪৪নং ওয়ার্ডে অবস্থিত 'কাঁচকুড়া হাইস্কুল মাঠে' উক্ত উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণে (ভার্চুয়াল) সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। তিনি উক্ত উদ্বোধন অনুষ্ঠান আয়োজনের যাবতীয় প্রস্তুতির বিষয়ে আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য উপসচিব (সিটি কর্পোরেশন-১)-কে আহবান জানান।

৩. উপসচিব (সিটি কর্পোরেশন-১) মোহাম্মদ শামছুল ইসলাম জানান, প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত পত্রের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য ইতোমধ্যে গত ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাকে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত অনুষ্ঠান আয়োজনে করণীয় সম্পর্কিত চেকলিস্টও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে সরবরাহ করা হয়েছে। তিনি সরবরাহকৃত চেকলিস্ট অনুযায়ী উদ্বোধন অনুষ্ঠান আয়োজনের প্রস্তুতির বিষয়ে পর্যায়ক্রমে বক্তব্য/মতামত প্রদানের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা ও সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর/সংস্থার প্রতিনিধিবৃন্দকে অনুরোধ জানান।

৪. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় জানান, নবগঠিত ১৮টি ওয়ার্ডের সড়ক, নর্দমা, ফুটপাতসহ অবকাঠামোগত উন্নয়ন ও নাগরিক সেবা নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট ওয়ার্ডসমূহে 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নতুনভাবে অন্তর্ভুক্ত ১৮টি ওয়ার্ডের সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থার নির্মাণ ও উন্নয়ন (ফেজ-১)' শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উক্ত প্রকল্পটি ডিপজিটরী ওয়ার্ক হিসেবে বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়ন করা হবে।

উক্ত কাজের উদ্বোধনের লক্ষ্যে সিটি কর্পোরেশন কর্তৃক ইতোমধ্যে মাননীয় মেয়রের নেতৃত্বে বিস্তারিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে। পরবর্তীতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী ব্রিগেডিয়ার জেনারেল মুহঃ আমিরুল ইসলাম উদ্বোধন অনুষ্ঠানের প্রস্তুতি সংক্রান্ত একটি উপস্থাপনা প্রদানসহ ৫ মিনিটের একটি অডিও ভিজ্যুয়াল প্রদর্শন করেন।

৫. সভায় উপস্থাপনা ও অডিও ভিজ্যুয়াল প্রদর্শন শেষে উপস্থিত সকলের মতামত ও পরামর্শ আহবান করা হয়। উপস্থিত কর্মকর্তাগণ উদ্বোধন অনুষ্ঠানের আমন্ত্রণপত্র, ব্যানার, ব্রশিউর, অনুষ্ঠানসূচি, মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য, মোনাজাত ও আমন্ত্রিত অতিথির তালিকাতে কিছু সংযোজন ও সংশোধনের বিষয়ে মতামত প্রদান করেন। উদ্বোধন অনুষ্ঠানটি ভার্চুয়ালি হবে বিধায় এ বিষয়ে ইন্টারনেট, অডিও এবং ভিডিও কানেক্টিভিটির বিষয়ে সভাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রতিনিধিকে সভাপতি অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাদের প্রস্তুতি সম্পর্কে মতামত দেন।

৬. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সচিব (যুগ্মসচিব) জনাব মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক সম্ভাব্য দ্রুততম সময়ের মধ্যে এ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে উদ্বোধন অনুষ্ঠানের ভেন্যুটি সরেজমিন পরিদর্শন করা প্রয়োজন মর্মে মতামত প্রদান করেন।

৭. কাজলা টেকনোলজিস লিঃ এর এ জি এম (প্রজেক্ট) জনাব এস এম মোকাদ্দেস সভায় জানান উদ্বোধন অনুষ্ঠানের ভিডিও কনফারেন্স পরিচালনার লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৪৪নং ওয়ার্ডে অবস্থিত কাঁচকুড়া হাইস্কুল মাঠের অনুষ্ঠানস্থলে কাজলা টেকনোলজিস হতে একটি ক্যামেরা সরবরাহ করা হবে। প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত ক্যামেরা এবং সাউন্ড সিস্টেম ইভেন্ট ম্যানেজমেন্ট কর্তৃক সরবরাহ করা হলে তারা সেগুলো ইন্সটল করে দেবেন। গণভবন প্রান্তে ভিডিও কানেক্টিভিটি সচল রয়েছে। সেখানে শুধুমাত্র অনুষ্ঠানের ব্যানার সরবরাহ করতে হবে মর্মে তিনি জানান।

৮. সভায় উপস্থিত বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রতিনিধি জানান, বর্ণিত প্রোগ্রামে ভিডিও এবং অডিও কানেক্টিভিটিসহ সংশ্লিষ্ট যাবতীয় কাজে বিসিসি কর্তৃক সহযোগিতা প্রদান করা হবে।

৯. বিটিসিএল এর মহাব্যবস্থাপক জনাব মোঃ শফিকুর রহমান জানান, উদ্বোধন অনুষ্ঠানের ভিডিও কনফারেন্স এর নেটওয়ার্কের জন্য দক্ষিণখানে অবস্থিত বিটিসিএল এক্সচেঞ্জ হতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৪৪নং ওয়ার্ডে অবস্থিত কাঁচকুড়া হাইস্কুল মাঠের অনুষ্ঠানস্থল পর্যন্ত Local Loop Lay স্থাপন করতে হবে। অনুষ্ঠানের নির্ধারিত তারিখের পূর্বেই তা সম্পন্ন করা হবে মর্মে তিনি সভাকে জানান।

১০. সভাপতি, বর্ণিত উদ্বোধন অনুষ্ঠান সফলভাবে আয়োজনের লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। তিনি এ অনুষ্ঠান আয়োজনে টেকনিক্যাল সাপোর্টসহ যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়, পরিচালনা ও মনিটরিং করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)-এর নেতৃত্বে সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রতিনিধিদের সমন্বয়ে একটি কো-অর্ডিনেশন কমিটি গঠন করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন।

১১. **সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | উদ্বোধন অনুষ্ঠানের আমন্ত্রণপত্র, ব্যানার, ব্রশিউর, অনুষ্ঠানসূচি, মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য, অডিও ভিজ্যুয়াল, ডিজিটাল ফ্লাইয়ার, মোনাজাত ও আমন্ত্রিত অতিথির তালিকা ইত্যাদির সংশোধিত খসড়া কপি এবং প্রকল্প এলাকার ম্যাপসহ যাবতীয় তথ্য আগামী ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখ সকাল ১১.০০ ঘটিকার মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| ২. | উদ্বোধন অনুষ্ঠানের ভিডিও কনফারেন্স নিরবচ্ছিন্নভাবে সচল রাখার জন্য পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে যাবতীয় ক্যামেরা, অডিও-ভিডিও ইকুইপমেন্ট, সাউন্ড সিস্টেম, বিদ্যুৎ ও ইন্টারনেট সংযোগ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। এছাড়া অনুষ্ঠান চলাকালে যাতে কোথাও কোন বিঘ্ন না ঘটে সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। | ১। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;<br>২। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি);<br>৩। বিটিসিএল;<br>৪। বিদ্যুৎ বিভাগ ও<br>৫। কাজলা টেকনোলজিস লিঃ। |

<table>
<tr><td>৩.</td><td>উদ্বোধন অনুষ্ঠান সফলভাবে আয়োজনের লক্ষ্যে টেকনিক্যাল সাপোর্টসহ যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সমন্বয়, পরিচালনা ও মনিটরিং করার লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে একটি কো-অর্ডিনেশন কমিটি গঠন করা হলো:
<table>
<tr><td>(১)</td><td>অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) স্থা.স.বি</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>(২)</td><td>যুগ্মসচিব (প্রশাসন, নগর উন্নয়ন-১, নগর উন্নয়ন-২), স্থা.স.বি.</td><td>সদস্য</td></tr>
<tr><td>(৩)</td><td>সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন</td><td>সদস্য</td></tr>
<tr><td>(৪)</td><td>উপসচিব (সিটি কর্পোরেশন-২, প্রশাসন-২)</td><td>সদস্য</td></tr>
<tr><td>(৫)</td><td>প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প (ডিএনসিসি)</td><td>সদস্য</td></tr>
<tr><td>(৬)</td><td>প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প (বাংলাদেশ সেনাবাহিনী)</td><td>সদস্য</td></tr>
<tr><td>(৭)</td><td>উপসচিব (সিটি কর্পোরেশন-১), স্থা.স.বি.</td><td>সদস্য সচিব</td></tr>
</table></td><td>সিটি কর্পোরেশন-১ শাখা<br>স্থানীয় সরকার বিভাগ</td></tr>
<tr><td>৪.</td><td>যথাশীঘ্র সুবিধাজনক সময়ে অনুষ্ঠানের ভেন্যু ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৪৪নং ওয়ার্ডে অবস্থিত কাঁচকুড়া হাইস্কুল মাঠ পরিদর্শন করতে হবে।</td><td>সংশ্লিষ্ট কো-অর্ডিনেশন কমিটি</td></tr>
<tr><td>৫.</td><td>অনুষ্ঠান সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে যথাযথ প্রক্রিয়ায় আস্থাশীল একটি উপযুক্ত Event Management প্রতিষ্ঠান-কে দায়িত্ব প্রদান করতে হবে।</td><td>ঢাকা উত্তর সিটি কর্পোরেশন</td></tr>
<tr><td>৬.</td><td>অনুষ্ঠান সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে নিরাপত্তা ব্যবস্থাসহ সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট দপ্তর সংস্থাকে বিশেষ করে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, বাংলাদেশ পুলিশ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, বিদ্যুৎ বিভাগ, বিটিসিএল, বিসিসি প্রভৃতি দপ্তর/সংস্থাকে পত্র প্রেরণ করতে হবে।</td><td>সিটি কর্পোরেশন-১ শাখা<br>স্থানীয় সরকার বিভাগ</td></tr>
<tr><td>৭.</td><td>মাননীয় মন্ত্রী/সিনিয়র সচিব মহোদয়ের সুবিধাজনক সময়ে চূড়ান্ত প্রস্তুতিমূলক সভা আয়োজন করতে হবে।</td><td>স্থানীয় সরকার বিভাগ</td></tr>
</table>

১২. পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে মূল্যবান মতামত ও পরামর্শ প্রদানের জন্য আন্তরিক ধন্যবাদ জানান এবং গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে কার্যকর ব্যবস্থা গ্রহণের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২৩/০২/২০২২ খ্রি:
জনাব মরণ কুমার চক্রবর্তী
অতিরিক্ত সচিব (সিনিয়র সচিবের রুটিন দায়িত্বে)
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৪.০১১.২০-২১২

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৮ / ২৩ ফেব্রুয়ারি ২০২২

**বিতরণ-জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

(১) অতিরিক্ত সচিব (প্রশাসন/ নগর উন্নয়ন)/ মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান-২, ঢাকা।
(৩) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা।
(৪) ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, মগবাজার, ঢাকা।
(৫) যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/ নগর উন্নয়ন-২/ প্রশাসন/ পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৬) প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

(৭) পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
(৮) উপসচিব (সিটি কর্পোরেশন-২/ প্রশাসন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৯) মেয়রের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
(১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
(১১) প্রকল্প পরিচালক, 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নতুনভাবে অন্তর্ভুক্ত ১৮টি ওয়ার্ডের সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থার নির্মাণ ও উন্নয়ন (ফেজ-১)' শীর্ষক প্রকল্প, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
(১২) ব্যবস্থাপনা পরিচালক, কাজলা টেকনোলজিস লিঃ, রোড নং ১৪/এ, ধানমন্ডি, ঢাকা।
(১৩) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১৪) অতিরিক্ত সচিব (সিনিয়র সচিবের রুটিন দায়িত্বে), স্থানীয় সরকার বিভাগ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(১৫) অফিস কপি।

২৬.০২.২০২২

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মোবাইল: ০১৭১৬-৪২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd